



# জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়  
১১০, মতিঝিল বা/এ  
ঢাকা

## নিয়োগ সংক্রান্ত সতর্কতামূলক বিজ্ঞপ্তি

(সর্বসাধারণের অবগতির জন্য)

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, একটি সংঘবদ্ধ প্রতারক চক্র বিভিন্ন তারিখে বিভিন্ন জাতীয় দৈনিক ও সাপ্তাহিক পত্রিকায় সোনালী, জনতা, অগ্রণী, রূপালী, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকে পিয়ন, টি-বয়, সিকিউরিটি গার্ড, নাইট গার্ড, গানম্যানসহ বিভিন্ন পদে নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে কিন্তু এ সকল পদে নিয়োগের জন্য জনতা ব্যাংক লিমিটেড কোনো বিজ্ঞপ্তি প্রকাশ করেনি অর্থাৎ প্রকাশিত বিজ্ঞপ্তিগুলো সম্পূর্ণ ভূয়া। প্রকৃতপক্ষে এ ধরনের নিয়োগ বিজ্ঞপ্তির সাথে জনতা ব্যাংক লিমিটেড এর কোনো সংশ্লিষ্টতা নেই। প্রতারক চক্র জনতা ব্যাংকের নাম ব্যবহার করে দেশের সাধারণ জনগণকে প্রতারিত করার কাজে লিপ্ত রয়েছে। সুতরাং এ ধরনের নিয়োগ বিজ্ঞপ্তি দেখে কেউ যেন প্রতারিত না হন সে জন্য সকলকে সতর্ক থাকার অনুরোধ করা যাচ্ছে।

উপমহাব্যবস্থাপক  
হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট  
জনতা ব্যাংক লিমিটেড  
টেলিফোন নম্বর: +৮৮০২-৯৫৫২০৭৮